

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াজেদ হোসেন মাসিক মিয়া

শিক্ষকের মহানুভবতা!

 ইত্তেফাক ডেস্ক  ১৩ মে, ২০১৮ ইং ০০:০০ মিঃ



সদ্য মা হওয়া নারীদের জন্য একটা বড় চ্যালেঞ্জ হলো বাচ্চা সামলানোর পাশাপাশি কর্মক্ষেত্রে কাজ চালিয়ে যাওয়া। শিক্ষার্থী মায়েদের জন্যও এটা একটা বড় সমস্যা। বাচ্চার কারণে অনেক সময় লেখাপড়া থেকে পিছিয়ে পড়তে হয় তাদের। তবে আশেপাশের মানুষদের সহযোগিতার মানসিকতা সেই সমস্যা অনেকটাই লাঘব হতে পারে। এই যেমন সেদিন যুক্তরাষ্ট্রের আরকানসাসের অধ্যাপক জনসনের ক্লাসে বাচ্চা নিয়ে আসা এক ছাত্রীর বাচ্চাকে ক্লাস করানোর বিষয়টি সবাইকে মুগ্ধ করেছে। ২১ বছর বয়সী ব্লাক শিক্ষকের কাছে অনুমতি প্রার্থনা করেন তার আট মাসের বাচ্চাকে ক্লাসে নিয়ে আসার। বিষয়টি বুঝতে পারেন শিক্ষক জনসন। তবে মজার বিষয় হলো, বাচ্চা নিয়ে ক্লাস করতে ছাত্রীর যাতে সমস্যা না হয় তার জন্য নিজেই সেই বাচ্চাকে কোলে নিয়ে পড়াতে শুরু করেন জনসন। শিক্ষকের এমন মহানুভবতা মুগ্ধ করেছে ক্লাসের শিক্ষার্থীদের। ছাত্রীর বাচ্চাকে কোলে নিয়ে ক্লাস নেওয়া শিক্ষকের একটি ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়ে গেছে।-ওয়াশিংটন পোস্ট

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত